






উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভা

সভার স্থান: উপজেলা পরিষদ হলরুম, সরিষাবাড়ী, জামালপুর।

সভার তারিখঃ ১১/০৮/২০২২ ইং,

সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা

সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতির তালিকাঃ

ক্রমিক নং	উপস্থিত সদস্যদের নাম ও পদবী	স্বাক্ষর
০১	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, সভাপতি	
০২	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরিষাবাড়ী, সদস্য	
০৩	চেয়ারম্যান, সাতপোয়া ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, সদস্য	
০৪	চেয়ারম্যান, আওনা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, সদস্য	
০৫	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সরিষাবাড়ী, সদস্য সচিব	

অদ্য ১১/০৮/২০২২ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় জনাব জেলী আক্তার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী মহোদয়ের সভাপতিত্বে সভার কার্যক্রম আরম্ভ হয়। সভাপতি মহোদয়ের স্বাগত ভাষণের পর আলোচ্য বিষয় সমূহের বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর সংশ্লিষ্ট বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। প্রাণিসম্পদ বিভাগীয় সম্প্রসারণ কার্যক্রম: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সম্প্রসারণ কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে চলছে। বন্যা পরবর্তী সময়ে রোগের প্রাদুর্ভাব প্রতিরোধকল্পে গবাদি প্রাণি ও হাঁস-মুরগির টিকা প্রদান কার্যক্রম চলছে। এ যাবত গবাদি প্রাণির ৩৪১৭ মাত্রা ও হাঁস-মুরগির ৬৭৬৬৭ মাত্রা টিকা প্রয়োগ এবং ২৩৩৩ টি গবাদি প্রাণির ও ২৪,১৬৭ হাঁস-মুরগির চিকিৎসা, ৬৬৯টি কৃত্রিমপ্রজনন, ২৭৮ টি সংকর জাতির বাছুর এ তথ্য সংগ্রহ ও ১৩০ জন সুফলভোগীর প্রশিক্ষণ, ২০,০৭০/-ও কৃত্রিম প্রজনন ফিসের টাকা জমা করা হয়েছে। এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সরকারি ঔষধের অপ্রতুলতা থাকায় উপজেলা পরিষদের এডিবিবরাদ্দ থেকে ঔষধ কেনার প্রস্তাব রাখেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। পরবর্তী উপজেলা পরিষদ মাসিক সভায় উত্থাপনের মাধ্যমে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জুলাই/২২ ইংমাসে ০৭ (সাত) দিনব্যাপী মৎস্য সপ্তাহ উদযাপন করা হয়েছে। তিনি আরো জানান যে, ২৫ টি নিষিদ্ধ চায়না জাল যমুনা নদী থেকে আটক করা হয় এবং তা পুড়িয়ে ধ্বংস করা হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জেলা -

সভাপতি

জেলা আক্তার

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

সরিষাবাড়ী, জামালপুর।

স্মারক নং- ৩৩.০২.৩৯৮৫. ৫০১.৬৩.০০১.২২.৭২ /১(৭)
অনুলিপি সদয় জ্ঞাতার্থে -

তারিখঃ ১১/০৮/২০২২ খ্রি।

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৪। চেয়ারম্যান, সাতপোয়া/আওনা, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৫। অফিস নথি।

স্বঃ সঃ ২২

(সুতপা ভট্টাচার্য্য)

সদস্য সচিব

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি

ও

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

সরিষাবাড়ী, জামালপুর।